প্রথম আলো

বৃত্তি

# শিক্ষক-গবেষকদের কাছে ১২ বিষয়ে গবেষণা প্রস্তাব আহ্বান শিক্ষা মন্ত্রণালয়ের

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা

প্রকাশ: ১৩ আগস্ট ২০২৫, ১০: ০১




শিক্ষা খাতে উচ্চতর গবেষণাসহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরের জন্য গবেষণা প্রস্তাব আহ্বান করেছে শিক্ষা মন্ত্রণালয়। দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-গবেষকেরা আবেদন করতে পারবেন। শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১১টি গবেষণাক্ষেত্র নির্ধারণ করা হয়েছে। সেগুলো হলো শিক্ষা, কৃষি, জীবন-সম্পর্কিত বিজ্ঞান, ভৌত বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি), মৎস্য, ব্যবসায় শিক্ষা, বাংলাদেশ উন্নয়ন অধ্যয়ন, প্রকৌশল ও প্রযুক্তি এবং উন্নয়ন ও জননীতি।

সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি জাতীয় বিশ্ববিদ্যালয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষক, গবেষক এবং সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীরাও আবেদন করতে পারবেন। তবে গবেষণাসহায়তা পাওয়ার শর্ত হিসেবে প্রাথমিকভাবে প্রজেক্ট কনসেপ্ট নোট (পিসিএন) দাখিল করতে হবে।

মৌলিক ও ফলিত গবেষণাকে অগ্রাধিকার দেওয়া হবে। মানসম্পন্ন দেশি-বিদেশি জার্নালে প্রকাশনা, গবেষণা অভিজ্ঞতা, জাতীয় বা আন্তর্জাতিক সেমিনারে প্রবন্ধ উপস্থাপনার অভিজ্ঞতা, চলমান গবেষণার মান ও অবকাঠামো সন্তোষজনক হওয়া এবং পূর্ববর্তী সাফল্যকে অগ্রাধিকার দেওয়ার কথাও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আগ্রহী গবেষকদের আগামী ১৪ সেপ্টেম্বরের মধ্যে বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) ওয়েবসাইটের গবেষণা মেনুতে প্রবেশ করে পিসিএন ফরম পূরণ ও জমা দিতে হবে। নির্ধারিত সব তথ্য পূরণ না করলে আবেদন বাতিল হবে। এর আগে আবেদনকারী গবেষকদেরও নতুন করে আবেদন করতে হবে।



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো